Lib.

ইত্তেফাক

তারিখ ... 29 JAN 1987 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

025

মানবাস চলাচল করে না ...

## 'প্রতিটি জেলা পরিষদে পাঠাগার স্থাপন করা হইবে'

প্রধানমন্ত্রী মিজানুর রহমান চৌধুরী বলিয়াছেন, শীঘ্রই প্রতিটি জেলা পরিষদে একটি করিয়া পূর্ণাঙ্গ পাঠাগার প্রতিষ্ঠা করা হইবে। উপজেলা পরিষদে এবং পরবর্তীতে ক্রমান্বয়ে ইউনিয়ন পরিষদে পাঠাগার স্থাপনের

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## প্রতিটি জেলা পরিষদে

(১ম পৃঃ পর)

বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন।

বাসস জানায়, প্রধানমন্ত্রী গতকাল (বুধবার) বাংলাদেশে গ্রন্থাগার বিজ্ঞান শিক্ষা আধুনিকীকরণ ও গ্রন্থাগার প্রসার শীর্ষক এক সম্মেলন ও সেমিনারে প্রধান অতিথির ভাষণে বলেন, জনগণকে অশিক্ষিত রাখিয়া দেশের অগ্রগতি হইতে পারে না।

প্রধানমন্ত্রী বলেন, জনগণকে শিক্ষিত করিয়া তোলার মাধ্যমেই জাতীয় জীবনের প্রতিটি ক্ষেত্রে শৃঙ্খলা নিশ্চিত হইতে পারে।

ছাত্রদের প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, অপরের ফায়দার জন্য তাহাদের ব্যবহার করা হয়। ইহা ছাত্র কিংবা জাতি কাহারও জন্য মঙ্গলজনক নয়।

গ্রন্থাগারিকদের দাবীর কথা উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী তাহাদের সব ধরনের সরকারী সাহায্য ও সহযোগিতার আশ্বাস দেন।

বাংলাদেশ গ্রন্থাগার সমিতি আয়োজিত দুইদিনব্যাপী এই সম্মেলন ও সেমিনারে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব জাকিউদ্দিন এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সমিতির সাধারণ সম্পাদক জনাব সুলতানউদ্দিন আহম্মদ ও অধ্যাপক মোহাম্মদ ইয়াস আলী।